

### তৃতীয় দারস

#### জবাই করার বিধান

যেহেতু স্থলচর প্রাণী বৈধ হওয়ার শর্তই হলো, শরীয়তী পদ্ধতিতে তা জবাই করা। আর জবাই বলতে স্থলচর বৈধ পশুর কণ্ঠনালী ও খাদ্যনালীকে কর্তন করা। যে জীব-জন্তু জবাই করা সম্ভব, তা বিনা জবাইয়ে হালাল হবে না। কারণ, বিনা জবাইয়ের পশু মৃত বলে গণ্য হয়।

#### জবাইয়ের শর্তাবলী

১। জবাইকারীর জবাই করার উপযুক্ত হওয়া। অর্থাৎ, তাকে জ্ঞানসম্পন্ন ও আসমানী দ্বীনে বিশ্বাসী হতে হবে। তাতে সে মুসলমান হোক অথবা আহলে কিতাব হোক। সুতরাং কোন পাগল, নেশাগ্রস্ত ব্যক্তি ও ছোট শিশুর জবাই করা পশু হালাল হবে না। কেননা, অজ্ঞতার কারণে তাদের দ্বারায় জবাইয়ের উদ্দেশ্য সঠিকভাবে অর্জিত হয় না। কোন মূর্তিপূজক, কাফের অথবা অগ্নিপূজক কিংবা কবরপূজক কর্তৃক জবাই করা পশুও বৈধ নয়।

২। অস্ত্রের দ্বারা জবাই করা। সুতরাং এমন সব ধারালো অস্ত্র দিয়ে জবাই করা যায়, যার ধারে রক্ত প্রবাহিত হয়, তা সে লোহা হোক অথবা পাথর হোক কিংবা অন্য কোন কিছু হোক। তবে হাড় ও নখ দিয়ে জবাই করা জায়েয নয়।

৩। কণ্ঠনালী কর্তন করা। অর্থাৎ শ্বাস-প্রশ্বাস যাতায়াত নালী, খাদ্যনালী এবং ঘাড়ের উভয় রগের কোন এক রগ কর্তন করা। এই স্থানটির মধ্যে জবাইকে সীমাবদ্ধ করা এবং বিশেষভাবে এই জিনিসগুলো কর্তন করতে বলার মধ্যে কৌশল বা হিকমত হলো, যাতে রক্ত প্রবাহিত হয়। কারণ এই স্থানটি অনেকগুলো রগের মূল কেন্দ্র। তাছাড়া এতে তাড়াতাড়ি প্রাণ নাশ হয়, যাতে গোশত হয় সুস্বাদু ও পশুর কষ্ট হয় কম। উপায় না থাকার কারণে যে পশুর উল্লিখিত স্থানে জবাই করতে অক্ষম হবে, যেমন শিকার ইত্যাদি, সে পশুর যে কোন স্থানে আহত বা জখম করাই তার জবাই বলে পরিগণিত হবে। আর যে পশু কোন দুর্ঘটনায় আহত হবে, যেমন গলায় ফাঁস পড়ে যাওয়া, উপর হতে কোন ভারী জিনিসের আঘাত লাগা, কোন সংঘর্ষে আহত হওয়া, কিংবা কোন হিংস্র জন্তুর আক্রমণে ক্ষত-বিক্ষত হয়ে যাওয়া ইত্যাদি পশুগুলো জীবিত অবস্থায় পাওয়া গেলে, জবাই করে তা খাওয়া হালাল।

৪। জবাইকারীর জবাই করার সময় 'বিসমিল্লাহ' বলা। 'বিসমিল্লাহ'এর সাথে 'আল্লাহু আকবার' বলাও সুন্নাত।

#### জবাই করার আদব

১। ভোঁতা কোন অস্ত্র দিয়ে জবাই করা অপছন্দনীয়।

২। পশুকে দেখিয়ে অস্ত্র ধার দেওয়া ঠিক নয়।

৩। কেবলা ব্যতীত পশুর মুখ অন্য দিকে করিয়ে জবাই করাও ঠিক নয়।

৪। মরার পূর্বে পশুর ঘাড়কে মোচড়ানো মাকরুহ (ঘৃণিত) কাজ। গরু ও ছাগলকে বাম দিকে কাত করে ফেলে জবাই করা সুন্নাত। (আর উটের ব্যাপারে সুন্নাত হলো) দাঁড় করিয়ে ডান হাত বেঁধে জবাই করা। আল্লাহই সর্বাধিক জ্ঞাত।

### الدرس الثالث

#### أحكام الذكاة: